# বিএসসিপিএলসি-এর ১৬তম বার্ষিক সাধারণ সভার কার্যপত্র।

**আলোচ্যসূচি # ১ ॥ ৩০শে জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের পরিচালনা পর্ষদের প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী বিবেচনা ও গ্রহণ।**

৩০শে জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য বিএসসিপিএলসি-এর পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং বহিঃনিরীক্ষক কর্তৃক নিরীক্ষিত আর্থিক বিবরণী সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিবেচনা ও গ্রহণের জন্য উপস্থাপন করা হলো। কোম্পানির পরিচালনা পর্ষদের প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী ১৬তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে। কোম্পানির বার্ষিক প্রতিবেদন যথাসময়ে কোম্পানির ওয়েব সাইটে আপলোড করা হয়েছে এবং সিডিবিএল হতে তথ্য সংগ্রহ করে শেয়ারহোল্ডারগণের নিকট ই-মেইলে প্রেরণ করা হয়েছে। তাছাড়া ভার্চুয়াল প্লাটফর্মে বার্ষিক প্রতিবেদনের লিংক প্রদান হয়েছে। উপস্থাপিত নিরীক্ষিত আর্থিক বিবরণী ও পরিচালনা পর্ষদের প্রতিবেদন কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় প্রস্তাব হিসেবে উপস্থাপনকরতঃ উক্ত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**''৩০শে জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন (লাভক্ষতি হিসাব, উদ্বৃত্তপত্র, নগদ প্রবাহ প্রতিবেদন, ইক্যুইটি পরিবর্তন প্রতিবেদন ও এতদসংলগ্ন সকল নোটসহ) ও পরিচালনা পর্ষদের প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় গৃহীত ও অনুমোদিত হলো।''**

**আলোচ্যসূচি # ২ ॥ ৩০শে জুন, ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।**

নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরে বিএসসিপিএলসি-এর কর পরবর্তী মুনাফার পরিমাণ ১৮২,৯৯,২০,১৬৭.০০ (একশত বিরাশি কোটি নিরানব্বই লক্ষ বিশ হাজার একশত সাতষট্টি) টাকাসহ ডিভিডেন্ড ঘোষণা পূর্ববর্তী রিটেন্ড আর্নিংসের পরিমাণ ৮২৫,৪৬,৩৬,৪০৫ (আটশত পঁচিশ কোটি ছেচল্লিশ লক্ষ ছত্রিশ হাজার চারশত পাঁচ) টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য কোম্পানির অর্জিত মুনাফা ও রিটেন্ড আর্নিংস হতে লভ্যাংশ ঘোষণা করা যেতে পারে। উল্লেখ্য যে, কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত বছরের জন্য ৪০% নগদ লভ্যাংশ সুপারিশ করা হয়েছে। এমতাবস্থায়, ৩০শে জুন, ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য ৪০% নগদ লভ্যাংশ ঘোষণা করার প্রস্তাব কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনকরতঃ উক্ত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**''৩০শে জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত ৪০% (চল্লিশ শতাংশ) নগদ লভ্যাংশ ঘোষণার প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলো।"**

**আলোচ্যসূচি # ৩ ॥ কোম্পানির সংঘবিধির বিধি নং- ১২০, ১২১ ও ১২২ অনুসারে পরিচালক নির্বাচন।**

কোম্পানির সংঘবিধির বিধি ১২০, ১২১ ও ১২২ মোতাবেক বিএসসিপিএলসি-এর পরিচালক ড. মো. মোস্তফা আকবর, অধ্যাপক, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট এবং ব্রিগেডিয়ার জেনারেল ইকরাম আহমেদ ভূঁইয়া, এএফডব্লিউসি, পিএসসি অথবা তাদের স্থলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ আসন্ন বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পুনরায় নির্বাচিত হওয়ার জন্য বিবেচিত হবেন।

তাছাড়া ১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পর সরকারের মনোনয়নের পরিপ্রেক্ষিতে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক ড. মোঃ মুশফিকুর রহমান সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে জনাব আবু হেনা মোরশেদ জামান, সাবেক সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে কোম্পানির পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হয়। এছাড়াও বর্ণিত সময়ে জনাব মোঃ জানে আলম, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে ড. রাশিদা ফেরদৌস এনডিসি, সাবেক অতিরিক্ত, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে, ড. রাশিদা ফেরদৌস এনডিসি, যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে জনাব মোহাম্মদ গোলাম সরওয়ার ই কায়নাত, সাবেক অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে এবং বিদ্যুৎ চন্দ্র

আইচ, যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-কে জনাব মো. আবদুল মোমিন, সাবেক অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর স্থলে, জনাব সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন যুগ্মসচিব, অর্থ বিভাগ-কে ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ এর স্থলে কোম্পানির পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। তাছাড়া উক্ত সময়ে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জনাব মোঃ আসলাম হোসেন, পরিচালক (ইঞ্জি), টেলিযোগাযোগ অধিদপ্তর-কে প্রেষণে জনাব মির্জা কামাল আহম্মদ সাবেক ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিএসসিপিএলসি এর স্থলে এবং জনাব মির্জা কামাল আহম্মদ প্রকল্প পরিচালক, SMW6 Project-কে অতিরিক্ত দায়িত্ব হিসেবে জনাব মো: আজম আলী, সাবেক ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিপিএলসি এর স্থলে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। কোম্পানি আইন-১৯৯৪ এর ধারা ৯১(১)(খ) মোতাবেক ১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পর কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক নিযুক্ত উপর্যুক্ত সকল পরিচালকের নিয়োগ অনুমোদনের নিমিত্ত সাধারণ সভায় উপস্থাপন এবং কোম্পানি আইন-১৯৯৪ এর ধারা ১০৯(১) মোতাবেক উপর্যুক্ত সকল ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগের বিষয়সমূহ কোম্পানির বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদিত হওয়ার বাধ্যবাধকতা থাকায় উপর্যুক্ত নিয়োগসমূহ অনুমোদনের নিমিত্ত কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় প্রস্তাব উপস্থাপনকরতঃ সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

**প্রস্তাবিত সিদ্ধান্তসমূহঃ**

**(ক) ''১৬তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণকারী কোম্পানির পরিচালক ড. মো. মোস্তফা আকবর এবং ব্রিগেডিয়ার জেনারেল ইকরাম আহমেদ ভূঁইয়া, এএফডব্লিউসি, পিএসসি পুনঃনির্বাচিত হওয়ার যোগ্য হওয়ায় ড. মো. মোস্তফা আকবর এবং ব্রিগেডিয়ার জেনারেল ইকরাম আহমেদ ভূঁইয়া, এএফডব্লিউসি, পিএসসি-কে অথবা তাঁর/তাঁদের স্থলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গকে কোম্পানির পরিচালক হিসেবে পুনঃনিয়োগ প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলো।"**

**(খ) ''১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ায় পর সরকারের মনোনয়নের পরিপ্রেক্ষিতে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক কর্তৃক ড. মোঃ মুশফিকুর রহমান সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে জনাব আবু হেনা মোরশেদ জামান,, সাবেক সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে কোম্পানির পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে প্রদত্ত নিয়োগটি বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলো।"**

**(গ) ''১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ায় পর সরকারের মনোনয়নের পরিপ্রেক্ষিতে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জনাব মোঃ জানে আলম, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে ড. রাশিদা ফেরদৌস এনডিসি, সাবেক যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে, ড. রাশিদা ফেরদৌস এনডিসি, যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে জনাব মোহাম্মদ গোলাম সরওয়ার ই কায়নাত, সাবেক অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে এবং বিদ্যুৎ চন্দ্র আইচ, যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-কে জনাব মো. আবদুল মোমিন, সাবেক অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর স্থলে, জনাব সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন যুগ্মসচিব, অর্থ বিভাগ-কে ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ এর স্থলে কোম্পানির পরিচালক হিসেবে প্রদত্ত নিয়োগসমূহ বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলো।"**

**(ঘ)''১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ায় পর কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জনাব মোঃ আসলাম হোসেন, পরিচালক (ইঞ্জি), টেলিযোগাযোগ অধিদপ্তর-কে প্রেষণে জনাব মির্জা কামাল আহম্মদ সাবেক ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিএসসিপিএলসি এর স্থলে এবং জনাব মির্জা কামাল আহম্মদ প্রকল্প পরিচালক, SMW6 Project-কে অতিরিক্ত দায়িত্ব হিসেবে জনাব মো: আজম আলী, সাবেক ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিপিএলসি এর স্থলে কোম্পানির কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে প্রদত্ত নিয়োগসমূহ বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলো।"**

**আলোচ্যসূচি # ৪ ॥ ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের সম্মানি নির্ধারণ।**

কোম্পানী আইন-১৯৯৪ এর ধারা ২১০ এবং কোম্পানির সংঘবিধির বিধি ১৬৯ মোতাবেক বার্ষিক সাধারণ সভায় কোম্পানির এক বা একাধিক নিরীক্ষক নিয়োগ করতে হবে। তাছাড়া লিস্টিং রেগুলেশন-২০১৫, তারিখঃ ৩০/০৬/২০১৫খ্রিঃ মোতাবেক বিএসসিপিএলসি-কে প্রতি তিন বছর অন্তর অন্তর বিএসইসি'র তালিকাভুক্ত নিরীক্ষকগণ হতে একটি নিরীক্ষক প্রতিষ্ঠান-কে নিয়োগ প্রদান করতে হবে। ১৬তম বার্ষিক সাধারণ সভায় নিয়োগকৃত নিরীক্ষক ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ৪,৬০,০০০.০০ টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি'প্রদান সাপেক্ষে মেসার্স ম্যাবস এন্ড জে পার্টনার্স চাটার্ড একাউনটেন্টস্-কে কোম্পানির বহিঃনিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছিল। উক্ত নিরীক্ষক কোম্পানি ১৬তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবে এবং বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে কোম্পানিতে তাদের তিন বছর পূর্ণ

হওয়ায় উক্ত প্রতিষ্ঠান আগামী তিন বছর আর বিএসসিপিএলসি-র বহিঃ নিরীক্ষক হিসেবে নিযুক্তির জন্য বিবেচিত হবেন না বিধায় উক্ত বহিঃ নিরীক্ষকের পরিবর্তে বিএসইসি'র তালিকাভুক্ত নিরীক্ষক প্যানেল হতে আজিজ হালিম খায়ের চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস-কে ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত কোম্পানির বহিঃনিরীক্ষক হিসেবে ৪,৫০,০০০.০০ টাকা (ভ্যাটসহ) 'ফি' প্রদান সাপেক্ষে পুনরায় নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়েছে। পরিচালনা পর্ষদের উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় প্রস্তাব উপস্থাপনকরতঃ উক্ত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**''২০২৪-২০২৫ হিসাব বছরের জন্য আজিজ হালিম খায়ের চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস কে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (ভ্যাটসহ) 'ফি' প্রদান সাপেক্ষে ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত সময়ের জন্য কোম্পানির বহিঃ নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রদানের বিষয়টি অনুমোদিত হলো।"**

**আলোচ্যসূচি # ৫ ॥ ২০২৪-২০২৫ হিসাব বছরের জন্য কোম্পানির কমপ্লায়েন্স অডিটর নিয়োগ ও অডিটরের সম্মানি নির্ধারণ।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর নির্দেশনা নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখঃ ০৩/০৬/২০১৮খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ পরিপালন সংক্রান্ত সনদ সংগ্রহকল্পে বিএসইসি কর্তৃক নির্ধারিত চার্টার্ড একাউন্টেন্টস্/চার্টার্ড কষ্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস্/চার্টার্ড সেক্রেটারী পেশাজীবীকে কোম্পানির কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ প্রদান করতে হবে। ২০২৩-২০২৪ হিসাব বছরের জন্য কোম্পানির কমপ্লায়েন্স অডিট ও এ সংক্রান্ত সনদ প্রদানের নিমিত্ত ৫৫,০০০.০০ (ভ্যাট ব্যতীত, উৎসে আয়কর কর্তনসহ) টাকা 'ফি' প্রদান সাপেক্ষে মেসার্স এম.এন.এ এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ-কে নিয়োগ দেয়া হয়েছিল। নিয়োগের মেয়াদ পূর্ণ হওয়ায় উক্ত অডিটর কোম্পানি ১৬তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবে এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ পরিপালন সংক্রান্ত সনদ সংগ্রহকল্পে বিএসইসি কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানকে উপযুক্ত 'ফি' প্রদান সাপেক্ষে ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত কোম্পানির কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ প্রদান করতে হবে। এ প্রেক্ষিতে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক মেসার্স সুরাইয়া পারভিন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ-কে ৩৫,০০০.০০ টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি' প্রদান সাপেক্ষে কোম্পানির ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত সময়ের জন্য কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগের সুপারিশ করা হয়। পরিচালনা পর্ষদের উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় প্রস্তাব উপস্থাপনকরতঃ উক্ত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**''কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ পরিপালন সংক্রান্ত সনদ সংগ্রহকল্পে ২০২৪-২০২৫ হিসাব বছরের মেসার্স সুরাইয়া পারভিন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ-কে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি' প্রদান সাপেক্ষে ১৭তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত সময়ের জন্য কোম্পানির কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ প্রদানের বিষয়টি অনুমোদিত হলো।"**